



FARUQUE HASSAN

PRESIDENT

সাকুলার নং- বিজিএ/এডমিন (গুলশান)/২০২১/০১

১২ জুলাই ২০২১

### সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

সম্প্রতি গভীর উদ্বেগের সাথে পরিলক্ষিত হচ্ছে যে, গার্মেন্টস শিল্প কারখানার উৎপাদিত পন্যবাহী Truck/Covered Van হতে চলাচলের সময় চুরির ঘটনা ঘটছে। এতে মালিকগণ আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন। তাই সম্মানিত সকল সদস্যগণের এ ব্যাপারে সজাগ থাকাসহ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা জরুরী :-

- ১। ড্রাইভারের ড্রাইভিং লাইসেন্স এর কপি সংরক্ষণ করা আবশ্যিক।
- ২। ড্রাইভার ও হেলপারের NID কপি সংরক্ষণ করা আবশ্যিক।
- ৩। ড্রাইভার ও হেলপারের Truck/Covered Van এর সামনে দন্ডায়মান ছবি (গাড়ীর নাম্বার প্লেট দৃশ্যমান) গারির সামনে এবং সংশ্লিষ্ট পোশাক কারখানায় সংরক্ষণ করা আবশ্যিক।
- ৪। Truck/Covered Van এর Vehicle Tracking System (VTS) আছে এমন কোম্পানির সাথে কাজ করার চেষ্টা করতে হবে।
- ৫। সম্ভব হলে Truck/Covered Van -এর সাথে রপ্তানীকারক প্রতিষ্ঠানের একজন মনোনীত প্রতিনিধি রাখা বাঞ্ছনীয়।

উক্ত সমস্যা সমাধানের জন্য বিজিএমইএ পরিচালনা পর্ষদ অদ্য ১২ জুলাই ২০২১ ইং তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী, পুলিশ মহাপরিদর্শক, হাইওয়ে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, অপরাধ তদন্ত বিভাগ ও গোয়েন্দা শাখার উর্ধতন কর্মকর্তাদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপরোল্লিখিত বিষয়গুলি আলোচিত হয়েছে এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী থেকে কঠোর পর্যবেক্ষণের বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান  
সভাপতি